Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: নব জাগরণ

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Sun, Mar 16, 2025 at 3:12 PM
To: ucaliptas909@gmail.com

নব জাগরণ
তাফিফ বিন জামিল

জাগো রে নিস্তব্ধ নিশি,
ক্রোধে ফেটেছে আকাশ—ধ্বনিত হয়েছে তার বজ্রহাসি।
জবুথবু হয়ে ভূমির বুকে ঘুমিয়ে আছে জীর্ণশীর্ণ;
এক মহাকাল—যে করেছিলো কালো আঁধারকে বিদীর্ণ—
দাবানলের শিখায় স্ফুলিঙ্গ করেছিলো উদগীরণ,
বুকে তার জমে আছে তীব্র ক্ষোভ– রাগে করছে স্পন্দন।

ওরে ক্লান্ত প্রাণ!
নিয়ে আয় মহাকালের পুরাণ।
পড়ে দেখ একবার—
দূর্বলের পরাজয় কি হয়েছে বারবার?
ওরে দীন—ভিখারি!
তুই করবি কি শুধুই আহাজারি?
তোর রক্তে-মাংসে গড়া দেহ
ওরা কি শুধুই ভক্ষিবে? করবে শুধুই লেহ?
তোর মনে জ্বলুক আজ ক্ষোভের আগুন,
বুকে তোর উঠুক তুফান, ঝড় বাড়ুক দ্বিগুণ।
তুই প্রলয়ের বাঁশি বাজা,
আসবে আবার সুদিন, অতীতের জীর্ণ হবে তাজা।

রুদ্ধ দুয়ার ভেঙে বেরো আজি,
ঝঞ্ঝার মতো ধেয়ে চল—বিজয়ের পথ রয়েছে সাজি।
আকাশের বুকে লেখা তোর নাম,
ভীরুতার অবসান ঘটিয়ে আজ, কাঁপিয়ে দে ধরাধাম।

আসুক যতোই আঁধার–আসুক যতো ঝড়,
চেতনাতেও আগুন জ্বালা তোর, বিধাতাই দেবে বর।
শিকল ভেঙে সব করে দে খানখান, সব হোক চুরমার,
নতুন দিনের সোনালী আলো ফুটুক–সব হতাশা হোক ছারখার।

আর আর্তনাদ নয়, আর নয় ভীতি,
জাগো রে মানব! জাগো রে মাটি! জাগাও সম্প্রীতি।
শক্ত হাতে বজ্রের মতো মুষ্টি ধরো,
ওদের গোষ্ঠী উদ্ধার করো।

ওদের ধুলোয় মিশিয়ে দেবো! ক্ষোভ করছে আস্ফালন;
নতুন সূর্য উঠুক! এ পৃথিবীর কোণে কোণে হোক নব জাগরণ।

রচনাকাল: ১৮ই মাঘ ১৪২৮।